

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
বাজেট অধিশাখা

বিষয়ঃ স্বাস্থ্য সেবা বিভাগের ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি মূল্যায়ন প্রতিবেদন অনুমোদনের নিমিত্ত বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি	ঃ জনাব মোঃ সিরাজুল হক খান সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
সভার তারিখ	ঃ ১৪.০৮.২০১৮খ্রি.
সভার সময়	ঃ বেলা ১১.৩০ টা
সভার স্থান	ঃ মন্ত্রণালয়ের সভাকক্ষ।
উপস্থিত কর্মকর্তাদের তালিকা	ঃ পরিশিষ্ট- ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভার আলোচ্যসূচি অনুযায়ী বার্ষিক কর্মসম্পাদন চুক্তি মূল্যায়ন প্রতিবেদন উপস্থাপনের জন্য অতিরিক্ত সচিব (বাজেট) জনাব মুহাম্মদ রুহুল-কুদ্দুসকে অনুরোধ করেন। অতিরিক্ত সচিব (বাজেট) সভায় জানান যে, স্বাস্থ্য সেবা বিভাগের ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি মূল্যায়ন প্রতিবেদন গত ০৮.০৮.২০১৮ তারিখে এপিএ বাস্তবায়ন কমিটি কর্তৃক পূঞ্জানপুঞ্জ পর্যালোচনা করা হয়েছে। স্বাস্থ্য সেবা বিভাগের বিভিন্ন অনুবিভাগ এবং স্বাস্থ্য সেবা বিভাগের অধীনস্থ দপ্তর/সংস্থাসমূহ থেকে প্রাপ্ত অগ্রগতি প্রতিবেদন সভায় আলোচনা করা হয়েছে।

২। জনাব মোঃ হাবিবুর রহমান খান, অতিরিক্ত সচিব (জ ও বি) এবং টিম লিডার, এপিএ বাস্তবায়ন কমিটি জানান, ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি মূল্যায়ন প্রতিবেদন ১৯ আগস্ট ২০১৮ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য নির্দেশনা রয়েছে। তিনি উল্লেখ করেন যে, মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুতের ক্ষেত্রে বিভাগের কৌশলগত উদ্দেশ্য এবং আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহের আওতায় বর্ণিত প্রতিটি সূচকের বিপরীতে প্রকৃত অর্জন উল্লেখ করে এপিএএমএস সফটওয়্যার ব্যবহার করে মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত করতে হবে। এছাড়া দপ্তরসমূহের প্রকৃত অর্জন সংক্রান্ত তথ্যাদি ও প্রমাণকসমূহ যাচাই করার নির্দেশনা রয়েছে। তিনি জানান প্রস্তুতকৃত মূল্যায়ন প্রতিবেদন অনুযায়ী স্বাস্থ্য সেবা বিভাগের ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা অর্জনের হার প্রায় ৯৪%।

৩। ড. মোঃ এনামুল হক, উপসচিব (বাজেট) সভায় অবহিত করেন যে, দপ্তর/সংস্থাসমূহের সংশ্লিষ্ট সূচকের প্রকৃত অর্জন সংক্রান্ত তথ্য যাচাইয়ের জন্য ৪ জন কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করা হয়েছে। তিনি উল্লেখ করেন যে, দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাগণ সংশ্লিষ্ট দপ্তর/সংস্থাসমূহের সূচকের অর্জন সংক্রান্ত তথ্য যাচাই করেছেন।

৪। ডাঃ আ এ মোঃ মহিউদ্দিন ওসমানী, যুগ্মপ্রধান (পরিকল্পনা) জানান, প্রস্তুতকৃত প্রতিবেদনে কিছু মুদ্রণজনিত ত্রুটি রয়েছে যা সংশোধন করা প্রয়োজন।

৫। সভাপতি বলেন স্বাস্থ্য সেবা বিভাগের ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা অর্জনের হার সন্তোষজনক হলেও অর্জনের হার আরও বৃদ্ধি করার অবকাশ রয়েছে। তিনি বলেন বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা প্রণয়নকালে অত্যন্ত সতর্কতার সাথে কর্মসম্পাদন সূচক নির্ধারণ করতে হবে যাতে লক্ষ্যমাত্রার সাথে অর্জন সামঞ্জস্যপূর্ণ হয়। সেই সাথে কর্মসম্পাদন সূচকের গুনগত উৎকর্ষতা বৃদ্ধির দিকে লক্ষ্য রাখার জন্য তিনি নির্দেশনা প্রদান করেন।


৬। সভায় বিস্তারিত পর্যালোচনার পর উপস্থাপিত মূল্যায়ন প্রতিবেদন অনুমোদন করা হয় এবং মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(মোঃ সিরাজুল হক খান)
সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ

নং ৪৫.১৩৯.০২০.০০.০০.০০১.২০১৮- ২২১৯

তারিখঃ ১৬-০৮-২০১৮খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ


(ড. মোঃ এনামুল হক)
উপসচিব
ফোনঃ ৯৫৪৫৯২৭

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ/পরিকল্পনা কমিশন/বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন/হাসপাতাল/নার্সিং ও মিডওয়াইফারী/বিশ্বস্বাস্থ্য ও জনস্বাস্থ্য/আর্থিক ব্যবস্থাপনা ও অডিট/ঔষধ প্রশাসন ও আইন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/স্বাস্থ্য অর্থনীতি ইউনিট/ঔষধ প্রশাসন অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর, ঢাকা।
- ৪। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
- ৫। যুগ্মপ্রধান (পরিকল্পনা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। উপসচিব (বাজেট-৪), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ, মহাখালী, ঢাকা।
- ৮। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিএজি ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৯। ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা।
- ১০। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সেভার কার্যবিবরণী ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ২। অতিরিক্ত সচিব (বাজেট) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।